নজরপুরে বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ, কমিটি স্থগিত



সংগৃহীত ছবি

নরসিংদীর নজরপুর ইউনিয়ন বিএনপির আহ্বায়ক জালাল চেয়ারম্যানের বিরুদ্ধে চাঁদাবাজি, মারামারি ও সাধারণ মানুষকে হয়রানির অভিযোগ ওঠায় ইউনিয়ন কমিটির কার্যক্রম স্থগিত করেছে উপজেলা বিএনপি। দলীয় নেতারা জানিয়েছেন, এ ধরনের অনৈতিক কর্মকাণ্ড বরদাশত করা হবে না।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা ও তৃণমূল পর্যায়ে সংগঠনকে সুসংগঠিত করার আহ্বানের মধ্যেই নজরপুর ইউনিয়ন বিএনপির এক নেতার বিরুদ্ধে চাঁদাবাজি ও অনিয়মের অভিযোগ উঠেছে।

স্থানীয় সূত্র জানায়, ইউনিয়ন বিএনপির আহ্বায়ক জালাল চেয়ারম্যান দীর্ঘদিন ধরে চাঁদাবাজি, মারামারি এবং সাধারণ মানুষকে হয়রানি করে আসছিলেন। বিশেষ করে গত ৫ আগস্টের পর থেকে তার একক কর্তৃত্বে চাঁদাবাজি ও অত্যাচারের ঘটনা বেড়ে যায়, যা স্থানীয় নেতাকর্মী ও জনগণের মধ্যে তীব্র ক্ষোভ সৃষ্টি করে।

পরিস্থিতি বিবেচনায় নরসিংদী সদর উপজেলা বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক নোটিশে নজরপুর ইউনিয়ন বিএনপির কমিটির কার্যক্রম স্থগিতের ঘোষণা দেওয়া হয়।

দলীয় নেতারা বলেন, বিএনপি মানুষের অধিকার প্রতিষ্ঠায় সংগ্রাম করছে। অথচ তৃণমূলের কিছু নেতা ব্যক্তিগত স্বার্থে অনৈতিক কর্মকাণ্ডে জড়িয়ে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করছে। এ ধরনের কাজ বরদাশত করা হবে না বলে সতর্ক করা হয়েছে।

এদিকে স্থানীয়দের প্রত্যাশা, দলের ইমেজ অক্ষুণ্ন রাখতে এবং সাধারণ মানুষকে হয়রানি থেকে মুক্ত করতে অভিযোগের বিষয়ে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।